



যেদিন কেউ একদমের জন্য প্রতিদিন  
**যায়যায়দিন**  
১৯৮৪ থেকে

যায়যায়দিন, ১১-০৩-২০২৪, পৃষ্ঠা-০৫



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে মেধা বৃত্তি প্রদান

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ২০২৩ সালের স্প্রিং, সামার এবং ফল সেমিস্টারের ২৪৯জন শিক্ষার্থীকে তাদের চমৎকার একাডেমিক ফলাফলের জন্য 'মেধা বৃত্তি' প্রদান করেছে। বৃত্তি প্রাপক শিক্ষার্থীদের মধ্যে বেশিরভাগই ছিল নারী শিক্ষার্থী। ১০ মার্চ বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর এডিমিন গিনটিং।

এডিমিন গিনটিং পুরস্কার প্রাপকদের অভিনন্দন জানিয়ে বলেন, ছাত্রজীবনে তিনিও এমন বৃত্তিও পেয়েছিলেন, যা তাকে তার আজকের অবস্থান অর্জন করতে অনুপ্রাণিত করেছিল। তাই তিনি শিক্ষার্থীদের বড় স্বপ্ন দেখতে এবং দেশের উন্নয়নে অবদান রাখতে উদ্বুদ্ধ করেন।

তিনি বলেন, শুধুমাত্র উঁচু উঁচু ভবন এবং ফ্লাইওভার নির্মাণই যথেষ্ট উন্নয়ন নয়, বরং শিক্ষা ও জ্ঞানের মাধ্যমে মানুষের জীবনযাত্রার মানের উন্নয়ন ঘটানো সত্যিকারের উন্নয়ন। অনুষ্ঠানে তিনি মেধা বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এইচ এন আশিকুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষক, কর্মকর্তা, বৃত্তি পাওয়া শিক্ষার্থী এবং তাদের অভিভাবকবৃন্দ। সংবাদ বিজ্ঞপ্তি